

ভোরের কাগজ

তারিখ ... 18 MAR 2003 ...
পৃষ্ঠা ... ১ ...

প্রধানমন্ত্রীর সঙ্গে ছাত্রদল প্রতিনিধিদের সাক্ষাৎ

যেকোনো কঠিন সিদ্ধান্ত মানার প্রস্তুতি নিতে হবে : খালেদা

বিএনপি চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী খালেদা জিয়া দেশের কল্যাণের স্বার্থে সরকারের যে কোনো কঠিন সিদ্ধান্ত মেনে নিতে প্রস্তুত হওয়ার জন্য দলীয় ও অঙ্গ সংগঠনের সদস্যদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল সোমবার জাতীয়তাবাদী ছাত্রদলের একটি বড়ো প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে তার অফিসে গেলে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, আমাদের মনে রাখা উচিত, ব্যক্তির চেয়ে দল বড়ো, দলের চেয়ে দেশ বড়ো। যৌথবাহিনীর সন্ত্রাসবিরোধী অভিযানের উল্লেখ করে তিনি বলেন, দল নয় দেশের কল্যাণের কথা চিন্তা করেই এই অভিযান শুরু করা হয়। এই অভিযানে দলীয় নেতাকর্মীরা কতিপয় হলে আমাদের কিছুই করার নেই। সন্ত্রাসী কর্মকাণ্ডে সৃষ্টিগত আঘাত মানতে পারি না, মানবোও না। ভবিষ্যতে সরকার জনগণ ও দেশের স্বার্থে কোনো কঠিন সিদ্ধান্ত নিলে দলকে তা মানতে হবে। খালেদা জিয়া বলেন, আমি আশা করি দলীয় নেতাকর্মীরা এখনই কি পেশেন তা নিয়ে ভাববেন না, তারা ভাববেন ভবিষ্যতে দেশের কিসে উপকার হবে।

জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয়, জেলা ও গুরুত্বপূর্ণ ইউনিটের ওপর ২শর মতো নেতা প্রতিনিধি দলে অন্তর্ভুক্ত ছিলেন। ছাত্রদলের সভাপতি সাহাবুদ্দীন লাল্টু এবং সাধারণ সম্পাদক আজিজুল বারি হেলাল প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব তারেক রহমান, যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হারিছ চৌধুরী, ছাত্রবিষয়ক সম্পাদক এবং বাছা ও পরিবার কল্যাণমন্ত্রী আমান উল্লাহ আমান ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব মোসাদ্দেক আলী বৈঠকে উপস্থিত ছিলেন।

ছাত্রদল সভাপতি সাহাবুদ্দীন লাল্টু গত ৬ মাসে সংগঠনকে পুনর্গঠন করতে গৃহীত নানা পদক্ষেপের কথা বর্ণনা করেন। খালেদা জিয়া বলেন, আমি ছাত্রদলকে সুশৃঙ্খল, আদর্শবাদী ও দেশপ্রেমিক সংগঠন হিসেবে দেখতে চাই। সূনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলতে জ্ঞানের অধিবেশনে নিবেদিত হওয়ার জন্য ছাত্রনেতাদের শান্তিপূর্ণ পরিবেশ রক্ষায় কর্তৃপক্ষকে সহযোগিতা করতেও তিনি ছাত্রনেতাদের উপদেশ দেন।